# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

## স্টাফ কন্ট্রিবিউটরী ফান্ড

## (Staff Contributory Fund)

প্রণয়ন কাল ঃ ১ জুলাই-২০১০ থেকে প্রবর্তিত
( প্রথম প্রকাশ)

NDP

**ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি**
এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
ফোন: ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্স : ০৭৫১-৬৩৮৭৭

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

## স্টাফ কন্ট্রিবিউটরী ফান্ড

## Staff Contributory Fund

ভূমিকা ঃ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি একটি বেসরকারী সেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা (এনজিও)। বর্তমানে সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ছয়শ'রও অধিক। কর্মকালীন সময়ে সংস্থার স্টাফ ও অন্যান্য স্টেকহোল্ডারদের দক্ষতা বৃদ্ধি এবং সেবা ও কল্যাণের উদ্দেশ্য সংস্থার পক্ষ থেকে একটি বিশেষ তহবিল তৈরী করা । এ বিষয়টিকে বিবেচনা এনে সংস্থা কর্তৃপক্ষ কর্তৃক স্টাফ কন্ট্রিবিউটরী ফান্ড (Staff Contributory Fund) প্রবর্তন করা হলো। আশা করা যাচ্ছে যে এ তহবিল একদিকে স্টাফ ও স্টেকহোল্ডারদের দক্ষতা বৃদ্ধি পাবে অন্যদিকে প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নের মাধ্যমে স্বাস্থ্য সেবা এবং প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান করতে পারবে।

প্রণয়ন কাল ঃ ১ জুলাই-২০১০ খ্রিঃ থেকে প্রবর্তিত।

তহবিলের লক্ষ্য ঃ সংস্থার কর্মরত কর্মী ও কর্মএলাকায় উপকারভোগী সহায়তার লক্ষ্যে একটি বিশেষ তহবিল সৃস্টি করা।

তহবিলের উদ্দেশ্য ঃ সংস্থায় এমন একটি তহবিল তৈরী করা, যে তহবিল দ্বারা সংস্থার স্টাফ ও স্টোকহোল্ডারদের সেবা ও কল্যাণের ক্ষেত্রে ব্যয়িত হবে।

তহবিলের উৎস ঃ

(ক) এনডিপিতে কর্মরত সকল স্তরের কর্মীদের এক (১) দিনের বেতন।
(খ) অব্যহতি সংক্রান্ত যাবতীয় প্রাপ্ত অর্থ।
(গ) ব্যক্তি বিশেষের বিশেষ দান।
(ঘ) সংস্থার বিবিধ আয় (যেমন-কাগজপত্র বিক্রয়, নষ্টজাতীয় দ্রব্যসামগ্রী বিক্রয় অর্থ)।
(ঙ) ফান্ডটি বিনিয়োগ করা হলে সেখান হতে অর্জিত মুনাফা।

তহবিলের ব্যবহার ঃ

(ক) আর্থিক অসচ্ছল স্টাফদের দীর্ঘমেয়াদী চিকিৎসা প্রদান।
(খ) আর্থিক অসচ্ছল স্টাফদের মেধাবী সন্তানদের উচ্চশিক্ষার জন্য বৃত্তি প্রদান করা।
(গ) কর্ম এলাকায় দরিদ্র মেধাবী ছাত্রদের জন্য বৃত্তি প্রদান।
(ঘ) সংস্থার নিজস্ব অর্থায়নে পরিচালিত স্বাস্থ্য সেবা কর্মসূচীর জন্য সহায়তা প্রদান করা।
(ঙ) কর্ম এলাকায় দরিদ্র উপকারভোগী সন্তানদের প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র ব্যয়।
(চ) বিনামূল্যে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক উপকরণ ও পিআরটি সার্ভিস প্রদান করা।
(ছ) দরিদ্র অসহায় উপকারভোগীদের আইনগত সহায়তা প্রদানের জন্য ব্যয়।
(জ) কর্মীদের দক্ষতা উন্নয়নের জন্য বিশেষ দক্ষতামূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য ব্যয়।



Md. Alauddin Khan
Director
National Development Programme

Chairman
National Development Programme

হিসাবরক্ষণ পদ্ধত্বি ঃ

(ক) স্টাফ কন্ট্রিবিউটরী ফান্ড পরিচালনার জন্য যে কোন বাণিজ্যিক ব্যাংকে " এনডিপি-স্টাফ কন্ট্রিবিউটরী ফান্ড" শিরোনামে একটি পৃথক ব্যাংক হিসাব খোলা হবে। তবে শুরুতে ইহা জেনারেল ফান্ডে একটি হিসাবের খাত খুলে হিসাবটি পরিচালনা করা হবে, পরবর্তীতে ফান্ডটি ১০,০০,০০০ (দশ লক্ষ টাকা মাত্র) এর অধিক হলে আলাদা ক্যাশ বুক, লেজার, ব্যাংক হিসাব রক্ষণাবেক্ষণ করা হবে।

(খ) যখন ব্যাংক হিসাব খোলা হবে, তথন এ হিসাব সংস্থার পরিচালক, উপ-পরিচালক, ও হিসাববিভাগের প্রধান তিন জনের মধ্যে পরিচালকসহ যেকোন দুই জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

(গ) স্টাফদের নিকট হতে থেকে গ্রহণকৃত অর্থ ও বিশেষ অনুদান প্রাপ্তি স্বীকার পত্রের মাধ্যমে সংশ্লিষ্ঠ হিসাব/ব্যাংকে জমা করতে হবে এবং উক্ত হিসাব হতে প্রদানকৃত সুবিধা যাহা সঠিকভাবে রাখতে হবে।

(ঘ) পরবর্তীতে যখন আলাদা হিসাব সংরক্ষণ করা হবে তখন এ হিসাবের জন্য ডেবিট, ক্রেডিট ভাউচার (প্রয়োজনীয় সাপোটিংসহ), মাসিক আর্থিক প্রতিবেদনসহ হিসাব সংক্রান্ত প্রয়োজনীয় ডকুমেন্টশন সংরক্ষণ করতে হবে।

(ঙ) প্রতি অর্থ বছর শেয়ে উক্ত তহবিলের জন্য বাৎসরিক আর্থিক প্রতিবেদন হিসাব বিভাগ কর্তৃক সরবরাহ করতে হবে, যাহা নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষীত হবে।

পরিচালনা কমিটি সংগঠন ঃ

(ক) উক্ত তহবিল পরিচালনার জন্য পাঁচ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা কমিটি থাকবে। কমিটি সদস্য পদাধিকার বলে নিম্নোক্ত কমিটি নির্বাচিত হবে।

| | |
|---|---|
| ১. পরিচালক | সভাপতি |
| ২. উপ-পরিচালক | সদস্য |
| ৩. ম্যানেজার (হিসাব ও অর্থ) | সদস সচিব |
| ৪. প্রোগ্রাম ম্যানেজার (এমএফপি) | সদস্য |
| ৫. সংস্থার চিকিৎসক | সদস্য |

উল্লেখিত কমিটির মেয়াদকাল হবে তিন বছর। মেয়াদাকাল শেষে সংস্থার নির্বাহী কমিটি নতুন কমিটি গঠন করতে পারবে।

***এই নীতিমালার কোন ক্ষেত্রে অস্পষ্ঠতা দেখা দিলে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রয়োজনে স্টাফ কন্ট্রিবিউটরী ফান্ড পরিচালনা কমিটি এ নীতিমালার পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন করতে পারবেন তবে তা নির্বাহী পরিষদের কমিটিতে অনুমোদিত হতে হবে।

Md. Alauddin Khan
Director
National Development Programme

Chairman
National Development Programme